

৫. জ্যাঠামশায় বলতেন, “...শচীশের মন হইতে আমি লজ্জার বাসা ভাঙিয়া দিতেছি।” – সমগ্র উপন্যাসে শচীশের কার্যকলাপ, মতামত ও সিদ্ধান্ত পড়ার পর তুমি কি জ্যাঠামশায়ের বক্তব্যের সঙ্গে সহমত হতে পারো? যুক্তিসহ তোমার মতামত জানাও। ১০

অথবা

৬. “সাধ মিটিল না, জন্মান্তরে আবার যেন তোমাকে পাই।” – সমগ্র উপন্যাসে চরিত্রটিকে যেভাবে উপস্থিত করা হয়েছে তার সঙ্গে দামিনীর এই শেষ উচ্চারণ তোমার কাছে কতটা সংগতিপূর্ণ মনে হয় আলোচনা করো। ১০

৭. টোঁড়াই চরিত্র নির্মাণে পাকী, রামায়ণ আর গান্ধিজি এই তিনটি প্রসঙ্গ কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

৮. “সমগ্র গ্রামীণ সমাজকে তুলে ধরবার ইচ্ছা। মানুষ বদলাচ্ছে পরিবেশকে পরিবেশ বদলাচ্ছে মানুষকে”। – ‘টোঁড়াই চরিত মানস’ উপন্যাসটি পড়ার পর সতীনাথের এই আকাঙ্ক্ষা সেখানে কতদূর বাস্তবায়িত হয়েছে বলে তোমার মনে হয় যুক্তিসহ লেখো। ১০

— x —

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমিস্টার)

বিভাগ - বাংলা

বাংলা উপন্যাস, (পর্ব - ১)

কোর্স পি.জি. - ৩.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. ‘রাজসিংহ’ উপন্যাসের আখ্যানে ঐতিহাসিক উপাদান ও কাল্পনিক উপাদানের মেলবন্ধন কীভাবে ঘটেছে আলোচনা করো। ১০

অথবা

২. “উপকাহিনী দুটিই রাজসিংহ উপন্যাসকে মানবিক ঐশ্বর্যে সমৃদ্ধ করে শিল্প হিসেবে রচনাটিকে অসামান্যতা দান করেছে।” এই মত তোমার কি সমর্থনযোগ্য বলে মনে হয়? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

৩. ‘শহর অঞ্চল’ এবং ‘বন্যপ্রদেশ’ গ্রামের বিরোধ-সম্পর্কের উপনিবেশ পর্বে এ দুয়ের আদান প্রদানের ইতিহাসকেই গুরুত্বপূর্ণ হিসেবে দেখেছেন ত্রৈলোক্যনাথ। ‘কঙ্কাবতী’ উপন্যাসে কলকাতা ও কুসুমঘাটের পরিচয় ও সম্পর্কসূত্রে মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

৪. ‘কঙ্কাবতী’তে রূপকথা ও রূপকথাধর্মী উপাদানগুলির পরিচয় দিয়ে আখ্যানে এগুলির প্রয়োগের বৈশিষ্ট্য ও শিল্পরূপগত তাৎপর্য আলোচনা করো। ১০

(Turn over)